সংবাদ

তারিখ : 09 FEB 2016
পৃষ্ঠা ... কলাম ...



# পুলিশ ও আনসার পেটাল ঢাবি ছাত্রদের : সড়ক অবরোধ

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীর কারওয়ান বাজারে তর্ক-বিতর্কের জের ধরে ছাত্রদের লাঠিপেটা করে ট্রাফিক কন্ট্রোলের দায়িত্বে থাকা পুলিশ ও আনসার সদস্যরা। গতকাল কারওয়ান বাজার মোড়ে এ ঘটনাকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা সড়ক অবরোধ করে। প্রায় পৌনে ১ ঘন্টা সড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু করলে ওই এলাকায় যান চলাচল স্থবির হয়ে পড়ে। তবে পুলিশ বলেছে সিগন্যাল অমান্য করে বাস চলাচলে বাধা দেয়ায় আনসার সদস্যকে মারধর করে ছাত্ররা। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে

**পুলিশ :** পৃষ্ঠা : ১৫ ক : ৪

## পুলিশ : আনসার

(১ম পৃষ্ঠার পর)

পুলিশ। 'স্টুডেন্টস কমিটির' সভাপতি শামস মিরাজ বলেন, তাদের বহনকারী বাসটি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস বারিধারার উদ্দেশে রওনা দিয়ে কারওয়ান বাজারে সিগন্যালে পড়ে। বাসচালক এ সময় হর্ন বাজালে পুলিশ ও আনসার সদস্যরা তাদের সঙ্গে দুর্ব্যবহার শুরু করে। এক পর্যায়ে পাঁচ ছাত্রকে পুলিশের গাড়িতে তুলে নিয়ে মারধর করে এবং মোবাইল ফোন রেখে দেয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, বাংলামটরের দিক থেকে আসা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বহনকারী একটি বাস সার্ক ফোয়ারা এলাকায় সিগন্যালের মধ্যেই সামনে এগোতে চাইলে দায়িত্বরত আনসার সদস্যরা বাধা দেন। এ নিয়ে শিক্ষার্থীদের সঙ্গে তাদের বাকবিতণ্ডা হয়। পরে আনসার সদস্যরা কয়েকজন ছাত্রকে মারধর করে। এরপর বাসে থাকা শিক্ষার্থীরা তাৎক্ষণিকভাবে সড়ক আটকে বিক্ষোভ শুরু করে। এই পরিস্থিতিতে ফার্মগেট, শাহবাগ, পান্থপথ ও এফডিসিগামী সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। পরে পুলিশ জিডি করার পরামর্শ দিয়ে বিষয়টি দেখার আশ্বাস দিলে শিক্ষার্থীরা সেখান থেকে সরে যায় এবং যান চলাচল শুরু হয়।

পুলিশ জানায়, শিক্ষার্থীদের বহনকারী বাসটি সিগন্যাল না মেনে এগোতে চাওয়ায় আনসারদের সঙ্গে ঝামেলা শুরু হয়। আনসার সদস্য রামজানকে তারা গাড়িতে তুলে মারধরও করে। আহত রমজানকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। ট্রাফিক পুলিশের নিয়ন্ত্রণ কক্ষের দায়িত্বরত কনস্টেবল মুন্নী জানান, শিক্ষার্থীদের বিক্ষোভের কারণে গতকাল বেলা পৌনে ২টা থেকে আড়াইটা পর্যন্ত কারওয়ান বাজার থেকে চার দিকের রাস্তায় যান চলাচল বন্ধ থাকে। এতে আশপাশের সড়কে যানজট সৃষ্টি হয়। পরে যান চলাচল শুরু হলে পরিস্থিতি স্বাভাবিক হতে শুরু করে।